# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ২৫৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২) মুআয্যিনের জবাব দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ, কি বলে আযানের জবাব দিবে ও আযানের পর কি দু'আ পাঠ করবে তার বিবরণ

الترغيب في إجابة المؤذن وبماذا يجيبه وما يقول بعد الأذان

আরবী

(صحيح) عَنْ سَعْدٍ , عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: " مَنْ قَالَ: حِينَ يَسْمَعُ الْمُؤَذِّنَ وَأَنَا أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ , وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ , رَضِيتُ بِاللهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا غُفِرَ لَهُ ذَنْبُهُ "
رواه مسلم والترمذي واللفظ له والنسائي وابن ماجه وأبو داود

বাংলা

২৫৪. (সহীহ্) সাদ বিন আবু ওয়াক্কাছ (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ

’’যে ব্যাক্তি মুআয্যিনের আযান শুনে বলবেঃ ওয়া আনা আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লাশারীকালাহু, ওয়া আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু। রাযীতু বিল্লাহি রাব্বা, ওয়াবিল ইসলামি দীনা, ওয়াবি মুহাম্মাদিন রাসূলা। [অর্থঃ এবং আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া যোগ্য কোন মাবূদ নেই। তিনি একক; তাঁর শরীক নেই। মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল। আমি মেনে নিয়েছি আল্লাহ্কে রব্ব হিসেবে, ইসলামকে দ্বীন হিসেবে এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে রাসূল হিসেবে।] তবে আল্লাহ্ তার পাপসমূহ ক্ষমা করে দিবেন।’’

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম, তিরমিযী, নাসাঈ, ইবনু মাজাহ্ ও আবু দাউদ। এ হাদীছের বাক্য তিরমিযী থেকে গৃহিত। আবু দাউদের বর্ণনায় ’’পাপসমূহ কথাটি নেই।’’ আর মুসলিমের রেওয়ায়াতে বলা হয়েছে, তার পূর্বের পাপ ক্ষমা করা হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন